



# ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০০

স্মারক নং-ঢাপ্রপ্রবি/শিঃশাঃ/কোঃরে/২৬/০৩/১৫০৬

তারিখঃ ১৫/০৬/২০১৫ ইং।

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, নিম্নবর্ণিত সিডিউলে উল্লেখিত ছাত্র-ছাত্রীদের ক্লাশ আগামী ০২/০৮/২০১৫ইং তারিখ রবিবার হইতে শুরু হইবে।

এই প্রেক্ষিতে হলের যাবতীয় পাওনাদি পরিশোধ করিয়া কোর্স রেজিস্ট্রেশনের ফরম স্ব-স্ব হল অফিস হইতে সংগ্রহ করিতে হইবে। স্টুডেন্ট এ্যাডভাইজর কর্তৃক কোর্স নির্বাচিত হওয়ার পর প্রতি কোর্সের রেজিস্ট্রেশন ফি ৪০/- (চল্লিশ) টাকা হারে মোট টাকাসহ নিম্নোক্ত ছক অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অন্যান্য খাতের পাওনাদি কম্পট্রোলার অফিসের ক্লিয়ারেন্সসহ অগ্রণী ব্যাংক লিঃ, ডুয়েট শাখা, গাজীপুর-এ জমা দিতে হইবে।

বিভাগের নাম	শিক্ষাবর্ষ	বর্ষ ও সেমিস্টার	বিভিন্ন খাতের ফি'র পরিমাণ (কোর্স রেজিস্ট্রেশন ফি ব্যতীত)	কোর্স রেজিস্ট্রেশন ও ফি জমা দেওয়ার সময়সীমা	
				হইতে	পর্যন্ত
সিই, ইইই, এমই, সিএসই, টিই, স্থাপত্য ও আইপিই	২০১৪-২০১৫	২য়, ৩য় ও ৪র্থ বর্ষ ১ম সেমিস্টার	৮০০/-	০২/০৮/২০১৫ রবিবার	১৩/০৮/২০১৫ বৃহস্পতিবার

কোর্স রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত নিয়মাবলী অবশ্যই যথাযথভাবে অনুসরণ করিতে হইবে।

- কোর্স রেজিস্ট্রেশন ফরমে অনুমোদিত কোর্স সুস্পষ্টভাবে লিখিতে হইবে এবং কোর্স অনুমোদনের পর কোর্সের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করা অথবা অন্য কোন সংশোধন করা যাইবে না। তবে, বিশেষ ক্ষেত্রে কর্তৃপক্ষের লিখিত অনুমোদন/অনুমতির মাধ্যমে সংশোধন করা যাইবে।
- অনুমোদিত কোর্স রেজিস্ট্রেশন ফরমে ঘষা-মাজা, ওভাররাইটিং ও ফুইড ব্যবহার করা যাইবে না। তবে বিশেষ ক্ষেত্রে প্রয়োজন হইলে উক্ত স্থানে বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে। রেজিস্ট্রেশন ফরমে স্বাক্ষরের নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর প্রদান করিতে হইবে।
- সেশনাল কোর্স (Sessional Course) রিভিউ কোর্স হিসাবে নেওয়া যাইবে না, Theory Course হইতে সর্বোচ্চ ১টি কোর্স রিভিউ কোর্স হিসাবে নেওয়া যাইবে।
- বিভাগ, বর্ষ ও সেমিস্টার ভিত্তিক নির্বাচিত কোর্সের তালিকা যথাসময়ে নোটিশ বোর্ডে প্রকাশ করা হইবে। উক্ত তালিকায় বর্ণিত ক্রমিক নম্বর অনুসারে কোর্স নম্বর লিখিতে হইবে।
- বিশ্ববিদ্যালয়ের যাবতীয় ফি ও কোর্স রেজিস্ট্রেশন ফি কম্পট্রোলার অফিসের মাধ্যমে ব্যাংকে জমাদান পূর্বক ব্যাংক ডিপোজিট স্লিপ ও পূর্ববর্তী সকল গ্রেড সীটের কপি সংশ্লিষ্ট স্টুডেন্ট এ্যাডভাইজরকে দেখাইতে হইবে এবং তাঁহার নিকট কোর্স রেজিস্ট্রেশনের নতুন ফরম পূরণ পূর্বক জমা দিতে হইবে।
- কোর্স রেজিস্ট্রেশন ফরম হারাইয়া/নষ্ট হইয়া গেলে ডুপ্লিকেট রেজিস্ট্রেশন ফরম প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের বরাবরে আবেদন করিতে হইবে। এই জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে ফি বাবদ ২০/- (বিশ) টাকা জমা দিতে হইবে। পরবর্তীতে কম্পট্রোলার অফিসের মাধ্যমে উক্ত খাতে আদায়কৃত সমুদয় টাকা সংশ্লিষ্ট হিসাব খাতে জমা দিতে হইবে।
- স্মারক নং-ঢাপ্রপ্রবি/শিঃশাঃ/কোঃরে/২৬/০৩/১০৬১, তারিখঃ ১৫/০৫/২০১৪ইং এর মাধ্যমে জারীকৃত বিজ্ঞপ্তি অনুযায়ী ছাত্র-ছাত্রীদেরকে বাধ্যতামূলকভাবে অন-লাইনে কোর্স রেজিস্ট্রেশনের কার্যক্রম সম্পন্ন করিতে হইবে। অন্যথায় কোর্স রেজিস্ট্রেশন অসম্পূর্ণ বলিয়া গণ্য হইবে।
- নির্ধারিত তারিখের মধ্যেই কোর্স রেজিস্ট্রেশনের যাবতীয় কার্যাবলী সম্পন্ন করিতে হইবে।

AS 15-06-15

(অধ্যাপক ড. মোহাম্মদ আসাদুজ্জামান চৌধুরী)  
রেজিস্ট্রার (অঃ দাঃ)

তারিখঃ ১৫/০৬/২০১৫ ইং।

স্মারক নং-ঢাপ্রপ্রবি/শিঃশাঃ/কোঃরে/২৬/০৩/১৫০৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হইল :

- পিএস টু ভিসি, ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য।
- সকল- ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোস্ট/অফিস প্রধান।
- পরীক্ষা নিয়ন্ত্রক।
- কম্পট্রোলার (ভারপ্রাপ্ত)।
- সকল স্টুডেন্ট এ্যাডভাইজর।
- প্রোগ্রামার, কম্পিউটার সেন্টার, (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হইল)।
- পাবলিকেশন কাম ইনফরমেশন অফিসার।
- ম্যানেজার, অগ্রণী ব্যাংক লিঃ, ডুয়েট শাখা, গাজীপুর।  
(টাকা জমা দেওয়ার ডিপোজিট স্লিপ প্রতিদিন কম্পট্রোলার অফিসে প্রেরণের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল)।
- নোটিশ বোর্ড, বিশ্ববিদ্যালয় ও হলসমূহ।
- অফিস কপি।

AS 15-06-15

(মোঃ মনিরুজ্জামান)  
ডেপুটি রেজিস্ট্রার  
একাডেমিক শাখা।